কালের কণ্ঠ

তারিখ 05 JAN 2016
পৃ: ৬ কলাম ৬

উইলস লিটল ফ্লাওয়ার স্কুল অ্যান্ড কলেজ

# অস্বাভাবিক বেতন বাড়ানোর তদন্ত করছে মাউশি

**নিজস্ব প্রতিবেদক ▷**

রাজধানীর কাকরাইলে অবস্থিত উইলস লিটল ফ্লাওয়ার স্কুল অ্যান্ড কলেজের স্কুল শাখায় শিক্ষার্থীদের মাসিক বেতন অস্বাভাবিকভাবে বাড়ানোর ঘটনা তদন্ত করছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (মাউশি) অধিদপ্তর। ঢাকা জেলা শিক্ষা অফিসার শাহিদা বেগম নাজমাকে এই তদন্তের দায়িত্ব দেওয়া হয়েছে। গতকাল ঢাকা জেলা শিক্ষা অফিসের কর্মকর্তারা বিষয়টি তদন্তে স্কুল পরিদর্শন করেছেন ও সবার সঙ্গে কথা বলেছেন।

জানা যায়, হঠাৎ করেই বেতন প্রায় দ্বিগুণ বাড়িয়ে দেয় স্কুল কর্তৃপক্ষ। মূলত সন্তানদের নতুন ক্লাসে ভর্তি করতে এসেই অভিভাবকরা বিষয়টি জানতে পারেন। স্কুল শাখার ৬৫০ টাকার বেতন করা হয়েছে এক হাজার এবং এক হাজার ৩০০ টাকার বেতন করা হয়েছে প্রায় দুই হাজার ২০০ টাকা।

ঢাকা জেলা শিক্ষা অফিসার শাহিদা বেগম বলেন, 'আসলে মাউশি থেকে তদন্ত কমিটি নয়, বিষয়টি সমাধানের জন্য আমাকে বলেছে। আমি আমাদের একজন কর্মকর্তাকে পাঠিয়েছিলাম। আর অধ্যক্ষের সঙ্গেও ফোনে কথা হয়েছে। শিক্ষকদের বেতন বাড়ানোর জন্য অভিভাবকদের ওপর তো এত বোঝা চাপিয়ে দেওয়া ঠিক নয়। বেতন বাড়ালে একটা সহনীয় পর্যায়ে থাকা উচিত। তবে অধ্যক্ষ বলেছেন তাঁরা বিষয়টি নিয়ে বসেছেন। যাতে অভিভাবকদের অতিরিক্ত চাপ না হয় সেভাবেই তাঁরা বেতন বাড়াবেন। বিষয়টিতে আমরা নজর রাখছি। উভয় পক্ষের মধ্যে সমঝোতা না হলে আমরা পরবর্তী সময়ে ব্যবস্থা নেব।' গত রবিবার সন্তানদের স্কুলে ভর্তি করতে এসে অভিভাবকরা দেখেন দ্বিগুণ বেতন বাড়িয়েছে কর্তৃপক্ষ।